


**বনিকবার্তা** বৃহস্পতিবার, অক্টোবর ২৬, ২০২৩ ■ কার্তিক ১০, ১৪৩০



## এনএসইউ অ্যারোসল রিসার্চ ল্যাব ও জাইকার আলোচনা সভা

নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) অ্যারোসল রিসার্চ ল্যাব বাংলাদেশে জাইকার প্রধান কার্যালয়ে একটি আলোচনা সভায় অংশ নেয়। আলোচনায় বায়ুদূষণ মোকাবেলায় দুই পক্ষই বায়ুদূষণ রোধে তাদের প্রচেষ্টা এবং অঙ্গীকার তুলে ধরে। এ সময় জাইকার প্রতিনিধি মুরাকামি শিন ঢাকা ও চট্টগ্রামে বায়ুদূষণ মোকাবেলায় তাদের সহযোগিতামূলক প্রচেষ্টার কথা তুলে ধরেন। এনএসইউর পরিবেশ বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. ফিরোজ খান বায়ু বিশুদ্ধকরণের মূল কৌশল উপস্থাপন করেন। —বিজ্ঞপ্তি